



সমার্থক শব্দ

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'শিক্ষার্থী' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) পড়ুয়া (খ) বিদ্যাধরী
(গ) বিদ্যাধর (ঘ) কোনটি নয়
- ২। বিধুবাবু আমাদের শিক্ষাদাতা ছিলেন। 'শিক্ষাদাতা' শব্দের সমার্থক শব্দটি হল —
(ক) শিক্ষাদাত্রী (খ) শিক্ষয়িত্রী
(গ) গুরু (ঘ) কোনটি নয়
- ৩। 'আমি মহেশপুর বিদ্যাভবণের ছাত্র ছিলাম। 'বিদ্যাভবণ' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) বিদ্যাধাত্রী (খ) বিদ্যাভূবন
(গ) বিদ্যালোক (ঘ) শিক্ষা নিকেতন
- ৪। ভগবান শ্রীকৃষ্ণের প্রিয় সখা ছিলেন সুদামা। 'সখা' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) মিত্র (খ) মিত্রা
(গ) মৈত্রী (ঘ) কোনটি নয়
- ৫। রমেনের বাবা হলেন রমেশের মামা — 'বাবা' শব্দের সমার্থক শব্দটি হল —
(ক) বাবাই (খ) জনক
(গ) জানকী (ঘ) জন্মদাত্রী
- ৬। আজ আপনি আমার গৃহে আতিথ্য গ্রহণ করুন — 'গৃহ' শব্দটির সমার্থক শব্দ কি হবে?
(ক) অঙ্গন (খ) আড়ত
(গ) ভবন (ঘ) কোনটি নয়
- ৭। 'গগনে গরজে মেঘ' — 'গগন' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) চিকুর (খ) আকাশ
(গ) ঘন (ঘ) বিশাল
- ৮। 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) বসুন্ধরা (খ) মৃত্তিকা
(গ) গহন (ঘ) ধাত্রী
- ৯। 'আগুন' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) আগ্নেয় (খ) ভয়ঙ্করী
(গ) বহি (ঘ) দাবানল
- ১০। সমুদ্রের জল ঘন নীল। 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) তরঙ্গিনী (খ) বিহঙ্গিনী
(গ) ভূজঙ্গিনী (ঘ) রঙ্গাকর

- ১১। ঘনঘন বিদ্যুৎ-এর ঝলকে চোখ ঝলসে যায়। - 'বিদ্যুৎ' শব্দের সমার্থক শব্দটি হল —
(ক) অরুণ (খ) তড়িৎ
(গ) ঝলকানি (ঘ) পাবক
- ১২। মেঘনাদ রাজা রাবণের আত্মজ। 'আত্মজ' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) তনয় (খ) তনয়া
(গ) সন্তান (ঘ) কোনটি নয়
- ১৩। 'বৃক্ষ' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) চিকুর (খ) অরণ্য
(গ) তরু (ঘ) কোনটি নয়
- ১৪। 'পদ্ম' শব্দের সমার্থক শব্দ হল —
(ক) পদ্মালয়া (খ) কোকনদ
(গ) সুধাংশু (ঘ) কোনটি নয়
- ১৫। 'মা' শব্দের সমার্থক শব্দটি হল —
(ক) জননী (খ) জনক
(গ) জানকী (ঘ) কোনটি নয়

Amit Kundu
